



# খুলনা সিটি কর্পোরেশন

খুলনা।

## পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশনের ০৯ নং ওয়ার্ডের অধীন সিটি বাইপাস সংযোগ সড়ক বাস্ত্বহারা মোড় হতে রমযানের ব্রীজ পর্যন্ত রাস্তা ও ড্রেনের উন্নয়ন কাজের স্বার্থে উক্ত রাস্তার পার্শ্ব বিদ্যমান নিম্ন বর্ণিত অসুবিধাজনিত গাছসমূহ (যেখানে যে অবস্থায় আছে) নিলাম প্রদান করা হবে। নিলাম ক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাড/সাদা কাগজে সীলগালাযুক্ত খামে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে। পুনঃ দরপত্রসমূহ আগামী ০৮/০৩/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা ও (খ) উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা এর দপ্তরকক্ষে রক্ষিত টেন্ডার বাক্সের মাধ্যমে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ১.০০ টার পরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নিলাম সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালিন খুলনা সিটি কর্পোরেশনের সম্পত্তি শাখা হতে জানা যাবে।

### নিলামযোগ্য সম্পত্তির বিবরণ :

| ক্রঃ | সম্পত্তির বিবরণ  | প্রাক্কলিত মূল্য |
|------|--|------------------|
| ০১   | কেসিসি'র ৯ নং ওয়ার্ডস্থ সিটি বাইপাস সংযোগ সড়ক বাস্ত্বহারা মোড় হতে রমযানের ব্রীজ পর্যন্ত রাস্তার উত্তর পার্শ্বের বিভিন্ন প্রজাতির ছোট/বড় ৬০ টি গাছ নিলাম প্রদান।  | ৭৮,১৭৫/-         |
| ০২   | কেসিসি'র ৯ নং ওয়ার্ডস্থ সিটি বাইপাস সংযোগ সড়ক বাস্ত্বহারা মোড় হতে রমযানের ব্রীজ পর্যন্ত রাস্তার দক্ষিণ পার্শ্বের বিভিন্ন প্রজাতির ছোট/বড় ৬৫ টি গাছ নিলাম প্রদান। | ১,২৪,৮৭৯/-       |

### শর্তাবলী :

- ১। দরপত্রের সাথে জামানত বাবদ দরদাতা কর্তৃক উদ্বৃত্ত দরের ৫০% ভাগ টাকার একখানা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যেকোন তফশীলভুক্ত ব্যাংক কর্তৃক দেয়) 'প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন' এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ২। প্রতিটি লটের জন্য পৃথক দরপত্র দাখিল করতে হবে। কোন প্রকার ঘষা-মাজা বা স্বাক্ষরবিহীন দরপত্র গ্রহণ করা হবে না। দরদাতার নাম ঠিকানা নিশ্চিতকল্পে জাতীয় পরিচয় পত্র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
- ৩। নিলামের সর্বোচ্চ দরদাতা বিবেচিত/দরপত্র গৃহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৫০% ভাগ টাকা জমা দানসহ বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধপূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- ৪। সমুদয় নিলাম মূল্যসহ ভ্যাট ও আয়কর পরিশোধঅন্তে কার্যাদেশ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে কেসিসি'র প্রতিনিধির উপস্থিতিতে গাছগুলো গোড়াসহ তুলে নিতে হবে। অন্যথায়, দরপত্র বাতিলসহ দাখিলকৃত জামানত খুলনা সিটি কর্পোরেশনের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৫। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমস্ত দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২/০৩/২০২৬

প্রধান রাজস্ব কর্মকর্তা  
খুলনা সিটি কর্পোরেশন  
খুলনা

তারিখ : ১২/০৩/২০২৬

স্মারক নং- ৪৬.১৩.০০০০.০২০.৯৯.৬৯৫.২৬- ৪৫(৬)

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ০১। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ০২। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
- ০৩। চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
- ০৪। জেলা প্রশাসক, খুলনা।
- ০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
- ০৬। পুলিশ সুপার, খুলনা।
- ০৭। জেলা তথ্য অফিসার, খুলনা।
- ০৮। সভাপতি/সাধারণ সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, খুলনা।

১২/০৩/২০২৬

প্রধান রাজস্ব কর্মকর্তা  
খুলনা সিটি কর্পোরেশন  
খুলনা

তারিখ : ১২/০৩/২০২৬

স্মারক নং- ৪৬.১৩.০০০০.০২০.৯৯.৬৯৫.২৬- ৪৫(৬) (১০০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ০১। বিভাগীয় প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- ০২। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, ওয়ার্ড নং ....., খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- ০৩। শাখা প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- ০৪। আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

(www.khulnacity.org) ওয়েব সাইটে প্রকাশনার জন্য অনুরোধ করা হলো)

- ০৫। সি এ টু প্রশাসক, কেসিসি (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সভাপতি/সাধারণ সম্পাদক, কেসিসি ঠিকাদার কল্যাণ সমিতি, খুলনা।
- ০৭। নোটিশ বোর্ড, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- ০৮। সংশ্লিষ্ট নথি।